ঝিনাইদহ ক্যাডেট কলেজে শীতার্তদের মাঝে কম্বল বিতরণ

শীতে কাপছে দেশের দক্ষিণ পশ্চিমাঞ্চলের মানুষ। তীব্র এই শীতে সমাজের নিম্ন আয়ের মানুষকে একটু উষ্ণতা দিতে ঝিনাইদহ ক্যাডেট কলেজ এক্স-ক্যাডেট এসোসিয়েশন (জেক্সকা)’র উদ্দ্যোগে ৫’শতাধিক কম্বল বিতরণ করা হয়েছে।

আজ রোববার (২২ ডিসেম্বর) দুপুরে ঝিনাইদহ ক্যাডেট কলেজ প্রাঙ্গণে এ কম্বল বিতরণের আয়োজন করে জেক্সকা।

কম্বল বিতরণ কার্যক্রমের উদ্বোধন করেন সংগঠনের সাধারণ সম্পাদক গালিব মোহাম্মদ। সেসময় কলেজের অধ্যক্ষ কর্ণেল এস এম রাকিব ইবনে রেজওয়ান, এ্যাডজুটেন্ট মেজর সরফরাজ নেওয়াজ, জেক্সকার সহ-সভাপতি ডাঃ আবুল বাসার, আল মেহের, সাংস্কৃতিক সম্পাদক ডা. বাপ্পা, সদস্য নাহিদুর রহমান, আরশাদ পারভেজসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

এসময় শহরের বিভিন্ন এলাকার ৫’শাতধিক অসহায় মানুষের মাঝে কম্বল বিতরণ করা হয়। শীতে কম্বল পেয়ে অসহায় হতদরিদ্র মানুষেরা সন্তুষ্টি প্রকাশ করেন।

চুয়াডাঙ্গা পুলিশ সুপারের উদ্যোগে দামুড়হুদায় শীতার্তদের মাঝে কম্বল বিতরণ

প্রচন্ড শীতের রাতে দামুড়হুদার আসহায় দরিদ্রদের মাঝে শীতার্তদের কম্বল বিতরণ করলেন চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার গোলাম মওলা। এ সময় সাথে ছিলেন সহকারী পুলিশ সুপার দামুড়হুদা সার্কেল জাকিয়া সুলতানা, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি হুমায়ুন কবির।

আজ বুধবার রাত ৯ টার দিকে কার্পাসডাঙ্গা পুলিশ ফাঁড়িতে বৃদ্ধ

নারী পুরুষের মাঝে এ কম্বল বিতরন করা হয়।

চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার গোলাম মওলা বলেন, এই পচন্ড শীতের মাঝে দরিদ্র মানুষের পাশে দাঁড়ানো সকল পেশার মানুষের প্রয়োজন। সে আলোকে অল্প পরিশরে কিছু মানুষের মাঝে কম্বল বিতরণ করতে পেরে নিজের কাছে ভালো লাগছে। সুযোগ পেলে পরবর্তীতে আরো কম্বল দেওয়া হবে। সে সাথে এলাকার মাদক চোরাকারবারিদের আইনের আওতায় আনতে হবে। মাদক ব্যবসায়ীদের ধরতে স্থানীয় এলাকাবাসীর সহযোগিতা কামনা করছি।

এ সময় আরো উপস্থিত ছিলেন থানা বিএনপির ৪নং যুগ্ম-সাধারণ সম্পাদক এ্যডভোকেট আব্দুল্লাহ আল মামুন এরশাদ, কার্পাসডাঙ্গা ইউনিয়ন বিএনপির সাংগঠনিক সম্পাদক জাহাঙ্গীর আলম টুটুল, কার্পাসডাঙ্গা ইউনিয়নের ১নং ওয়ার্ড বিএনপির সভাপতি মিজানুর রহমান, দামুড়হুদা উপজেলা ছাত্রদলের সদস্য সচিব সুলতান, থানা সেচ্ছাসেবকদলের সিনিয়র আহবায়ক আব্দুল কাদের, ইউনিয়ন সেচ্ছাসেবক দলের সাংগঠনিক সম্পাদক খাইরুল ইসলাম, থানা যুবদলের সদস্য দেলোয়ার হোসেন, হুমায়ন কবির প্রমুখ।

ঝিনাইদহে মালিতা ফাউন্ডেশনের উদ্যোগে শীতার্তদের মাঝে শীত বস্ত্র বিতরণ

উত্তরের হিমেল হাওয়া আর কনকনে শীতে ঝিনাইদহে অসহায়, ছিন্নমূল, গরীব ও দু:স্থ্য মানুষের মাঝে শীত বস্ত্র বিতরণ করা হয়েছে। মালিতা ফাউন্ডেশনের উদ্দ্যোগে আজ বৃহস্পতিবার বিকালে এ শীত বস্ত্র বিতরণ করা হয়।

শীত বস্ত্র বিতরণ অনুষ্ঠানের উদ্ধোধন করেন মালিতা ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক ও আন্তর্জাতিক মানবাধিকার কর্মী আনোয়ারুজ্জামান আজাদ চঞ্চল।

সেসময় প্রায় ৪ শতাধিক অসহায়, ছিন্নমূল, গরীব ও দু:স্থ্য মানুষের

মাঝে কম্বল বিতরণ করা হয়। শীত বস্ত্র পেয়ে অসহায় হতদরিদ্র মানুষগুলো সন্তুষ্টি প্রকাশ করেন।

উল্লেখ্য, ২০২৩ সালে প্রয়াত ভাষা সৈনিক ও বীর মুক্তিযোদ্ধা এডভোকেট আমির হোসেন মালিতার স্মরণে আত্ম মানবতার সেবায় মালিতা ফাউন্ডেশনের যাত্রা শুরু করে।

কুষ্টিয়ায় শীতার্তদের মাঝে কম্বল বিতরণ

কুষ্টিয়ায় নিম্ন আয়ের মানুষদের কিছুটা শীতের হাত থেকে রক্ষা করতে শীতবস্ত্র হিসাবে কম্বল বিতরণ করেছেন কুষ্টিয়ার জেলা প্রশাসক মো: এহেতেশাম রেজা।

আজ শনিবার সকালে জেলা ত্রাণ ও পূনর্বাসন কার্যালয়ের সামনে দুই শতাধিক পরিবারের মধ্যে নিজে শীতবস্ত্র হিসাবে কম্বল তুলে দেন জেলা প্রশাসক।

তীব্র শীতের মধ্যে শীতবস্ত্র পেয়ে খুশিতে আত্মহারা হয়ে ওঠেন অসহায় মানুষগুলো।

কম্বল পাওয়া শহরপর রেললাইন সুখনগর বস্তি এলাকার রিকসাচালক বাশার বলেন, আমি রিকশাচালক। রাত হলে ছেলে মেয়ে নিয়ে শীতে খুব কষ্ট করি। রোজগার করে যে টাকা পাই তা দিয়ে একটা ভালো কম্বল কিনার সাধ্য নেই। অনেকের কাছে একটা কম্বল চাইছিলাম কেউ দেয়নি। আজ শুনলাম ডিসি স্যার কম্বল দেবে শুনেই আসিছি। ডিসি সাব আমাকে একটা শীতবস্ত্র দিয়েছেন। এটা আমার জীবনের সব থেকে বড় পাওয়া। মনে হয় আল্লাহ আমার চাওয়া কবুল করছে। এখন রাতে শান্তিতে ঘুমাতে পারব।

কুষ্টিয়ার জেলা প্রশাসক মো: এহেতেশাম রেজা বলেন, গত দুই সপ্তাহ ধরে খুব কনকনে শীত পড়েছে। এই জেলায় ছিন্নমূল মানুষের পাশাপাশি দরিদ্র এবং নিম্ন আয়ের মানুষরা শীত বেড়ে যাওয়ায় এসব মানুষ শীতে অনেক কষ্ট পাচ্ছে। তাই তাদের কষ্ট কিছুটা লাঘব করার জন্য এই

শীতবস্ত্র বিতরণে উদ্যোগ নেওয়া। এতে করে তাদের কষ্ট লাঘব হবে।

শুধু সরকার নয়, সমাজের বিত্তশালীদের শীতার্তদের পাশে দাঁড়াতে হবে উল্লেখ করে তিনি আরও বলেন, আমরা এ বছর দুযোর্গ ব্যবস্থপনা মন্ত্রণালয় ও প্রধানমন্ত্রীর ত্রাণভান্ডার থেকে ৪৮ হাজার কম্বল পেয়েছি। যেগুলো আমরা উপজেলা ও ইউনিয়নভিত্তিক বিভাজন করেছি। ইতোমধ্যে স্ব-স্ব উপজেলা দুস্থ ও শীতার্তদের মধ্যে কম্বল বিতরণ করেছে। এই কার্যক্রমের অংশ হিসেবে আজকেও সাড়ে ৫ হাজার কম্বল বিতরণ করা হয়েছে।

আলমডাঙ্গা বণিক সমিতির উদ্যোগে শীতার্তদের মাঝে কম্বল বিতরণ

আলমডাঙ্গা বণিক সমিতির উদ্যোগে শীতার্তদের মাঝে শীত কম্বল বিতরণ করা হয়েছে।

আজ সাড়ে ১০ টার দিকে আলমডাঙ্গা বণিক সমিতির কার্যালয়ে শীত কম্বল বিতরণ অনুষ্টানে উপস্থিত ছিলেন বণিক সমিতির সভাপতি আরেফিন মিয়া মিলন,বণিক সমিতির সাধারণ সম্পাদক আব্দুল্লাহ আল মামুন,সহ-সভাপতি হাফিজুর রহমান, হাজী রফিকুল আলম, সহ-সাধারণ সম্পাদক শরিফুল ইসলাম , জাহাঙ্গীর আলম, কোষাধ্যক্ষ আলাউদ্দিন মিয়া, সাংগাঠনিক সম্পাদক আমিরুল ইসলাম লিটন, ক্রীড়া সম্পাদক হাবিবুর রহমান, ধর্মীয় সম্পাদক রেজাউল করিম কাবিল, দপ্তর সম্পাদক শফিউল হাসান মিলন, এছাড়া নির্বাহী সদস্য পদে খন্দকার হামিদুল ইসলাম আজম, আঃ ওহাব কাবলু, জসিম উদ্দিন, জয়নাল আবেদীন, ফারুক হোসেন, রেজাউল হক তোতা, রতন আলী, সাইদুল ইসলাম, খন্দঃ সজিব, সিরাজুল ইসলাম,বণিক সমিতির স্টাফ বজলুর রহমান।

পরে শীতার্থ মানুষের মাঝে শীত বস্ত্র বিতরণ করা হয়। মোট ৪৫০ জনকে শীত বস্ত্র তুলে দেওয়া হয।

এ সময় সভাপতি আরেফিন মিয়া বলেন, আলমডাঙ্গা বণিক সমিতি জন্মলগ্ন থেকে একটি ব্যবসায়ি সংগঠন,আলমডাঙ্গার ব্যাবসায়িদের সবচাইতে বড় সংগঠন হিসেবে পরিচিত এই সংগঠনের মাধ্যমে আমরা প্রতি বছর শীতার্ত মানুষদের মাঝে শীত বস্ত্র বিতরণ করে থাকি।

এছর চুয়াডাঙ্গা জেলায় সর্বনিম্ম তাপ মাত্রা চলছে। গরীব দুস্থ মানুষ শীতে কষ্ট পাচ্ছে।আমরা বণিক সমিতির মাধ্যমে যতটুকু সম্ভব দিয়ে যাচ্ছি।

তিনি আরো বলেন সমাজের বিত্তবানরা এগিয়ে এসে প্রচন্ড শীতে যারা কষ্ট পাচ্ছেন তাদের পাশে দাঁড়ান। বণিক সমিতির ফান্ড থেকে ৩০০ টি ও বণিক সমিতির কার্যকরি পরিষদের সকল সদস্য ১০০০/ও সদস্য ৫০০ শত টাকা করে উত্তোলন করে বাকি ২৫০ টি কম্বল ক্রয় করে দুস্থ গরীব ও বাজারের পাহারাদার দের মধ্যে বিতরণ করা হয়।